

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

চৌমুহনী সরকারি সালেহ আহমেদ কলেজ

বেগমগঞ্জ, নোয়াখালী

তারিখ: ১৫/০৭/২০২৪

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে চৌমুহনী সরকারি সালেহ আহমেদ কলেজ, নোয়াখালী- তে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য নির্বাচিত ছাত্র-ছাত্রীদের জানানো যাচ্ছে যে, নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী ভর্তি প্রক্রিয়া সম্পাদন করা হবে।

**** কলেজ থেকে ভর্তি ফরম, ব্যাংকে টাকা জমাদানের রশিদ, পাঠ পরিকল্পনা ও ব্যাজ বিতরণের তারিখ:**

১৬/০৭/২০২৪ (মঙ্গলবার) সকাল ১০:০০ টা থেকে বিকেল ৪:০০ টা পর্যন্ত।

***** মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে:** মুক্তিযুদ্ধ মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদের মূলকপি, ওয়ারিশ সনদ, গেজেটের মূলকপি এবং পৌরসভা মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত শিক্ষার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্কের প্রত্যয়নপত্রের মূলকপি প্রদর্শন করে নির্ধারিত বুথ থেকে ভর্তি ফরম সংগ্রহ করতে হবে।

***** অন্যান্য কোটার ক্ষেত্রে:** কোটার স্বপক্ষে সনদের মূলকপি প্রদর্শন করে নির্ধারিত বুথ থেকে ভর্তি ফরম সংগ্রহ করতে হবে।

**** ভর্তি ফি:**

বিভাগ	ভর্তি ফি	ব্যাংক ও শাখা
বিজ্ঞান বিভাগ	২,১০০/-	টাকা ব্যাংক চৌমুহনী পূর্ববাজার শাখা
মানবিক ও ব্যবসায় শিক্ষা বিভাগ	২,০০০/-	

**** ব্যাংকে টাকা জমাদান ও কলেজে প্রয়োজনীয় কাগজপত্র জমা দিয়ে ভর্তি নিশ্চিতকরন:**

তারিখ	বার	বিভাগ	সময়
১৮/০৭/২০২৪	বৃহস্পতিবার	বিজ্ঞান ও মানবিক	সকাল ১০:০০ টা থেকে
২১/০৭/২০২৪	রবিবার	ব্যবসায় শিক্ষা	

**** ভর্তি ফরম জমা দেয়ার সময় প্রয়োজনীয় কাগজপত্র:**

১. সঠিকভাবে পূরণকৃত ভর্তি ফরম।

২. ব্যাংক রশিদের মূলকপি।

৩. সদ্য তোলা ২ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি।

৪. এসএসসি পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট এবং প্রশংসাপত্র।


৫. এসএসসি পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট, প্রশংসাপত্র এবং রেজিস্ট্রেশন কার্ডের ২ সেট ফটোকপি।

৬. শিক্ষার্থীর অনলাইন জন্মসনদের ফটোকপি ১টি।

৭. শিক্ষার্থীর পিতা-মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ১টি করে।

৮. **মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে:** মুক্তিযুদ্ধ মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদের সত্যায়িত ফটোকপি, ওয়ারিশ সনদের সত্যায়িত ফটোকপি, গেজেটের সত্যায়িত ফটোকপি এবং পৌরসভা মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত শিক্ষার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্কের প্রত্যয়নপত্রের মূলকপি জমা দিতে হবে।

৯. **অন্যান্য কোটার ক্ষেত্রে:** কোটার স্বপক্ষে সনদের মূলকপি জমা দিতে হবে।


অধ্যক্ষ 15.07.2024

চৌমুহনী সরকারি সালেহ আহমেদ কলেজ
বেগমগঞ্জ, নোয়াখালী